**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 July 2026** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যে আগামী শিক্ষাবর্ষ থেকে ধেমাজি মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রশাসনিক কাজ কর্ম আরম্ভ করা হবে বলে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু জানিয়েছেন । শিক্ষামন্ত্রী ডক্টর পেগু গতকাল ধেমাজি মেডিকেল কলেজ ও হাসপাতালের নির্মাণ কাজ পরিদর্শন করে জানান যে আগামী বছরের মার্চ মাসের মধ্যে ধেমাজি মেডিকেল কলেজের নির্মান কাজ শেষ হয়ে যাবে । পরে শিক্ষামন্ত্রী ডঃ পেগু জোনাইর মিসিং কৃষ্টি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে মিসিং ভাষার শিক্ষক নিযুক্তি এবং পারস্পরিক বদলি সম্পরকে জানান ---

**বাইট**

..........................................................................

ভারতীয় প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠান আই আই টি গৌহাটীর ২৮ তম সমাবর্তন সমারোহ গতকাল অনুষ্ঠিত হয় । এবারের সমাবর্তনে দুহাজার ২শ ৬৬ জন শিক্ষার্থীকে স্নাতক ডিগ্রীর প্রমাণপত্র প্রদান করা হয় । অনুষ্ঠানে জাতীয় গবেষণা ফাউন্ডেশনের মুখ্য কার্যবাহী

আধিকারিক ড: শিবকুমার কল্যাণরামণ মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সমাবর্তনের পর আই আই টি গৌহাটীর সঞ্চালক ড: দেবেন্দ্র জলিহাল সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে শিক্ষার্থীদের সময়োপযোগী শিক্ষার মাধ্যমে জাগীরোডে নির্মীয়মান সেমি কন্ডাক্টর প্রকল্পে নিয়োজিত করার জন্য দক্ষ করে তোলা হবে ।

..........................................................................................

অসম সাহিত্য সভা জুবিন গার্গকে মরণোত্তরভাবে সংগীত সুধাকর সম্মান প্রদান করবে । গতকাল গুয়াহাটীর ভগবতী প্রসাদ বরুয়া ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সাহিত্য সভার সম্পাদক দেবজিৎ বরা একথা জানান । শ্রীবরা জানান যে গুয়াহাটীর লক্ষ্মীরাম বরুয়া সদনে আগামী ৩০ শে জুলাই আয়োজিত এক অনুষ্ঠানে শিল্পী জুবিন গার্গকে মরণোত্তরভাবে এই সম্মান প্রদান করা হবে । অসম সাহিত্য সভার সভাপতি ড: বসন্ত কুমার গোস্বামী জুবিন গার্গের পরিবারের হাতে এই সম্মান তুলে দেবেন ।

..........................................................................................

কাছাড় ও হাইলকান্দি পুলিশ যৌথ অভীযান চালিয়ে হাইলাকান্দি জেলার বিভিন্ন প্রান্ত থেকে এক হাজার একশ কার্টুন অবৈধ ঠান্ডা পানীয় বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে মণিপুরের পশ্চিম ইম্ফাল জেলার এক ব্যবসায়ী গুয়াহাটী থেকে একটি ট্রাকে করে ঠান্ডা পানীয়গুলি পাঠিয়েছিলেন । ঠান্ডা পানিয়ের সঙ্গে বৈধ কাগজ পত্র না থাকায় পুলিশ হাইলাকান্দি জেলার আলগাপুর ও কাছাড় জেলার বাঁশকান্দি থেকে পানীয় উদ্ধার করে এবং লক্ষীপুর উজান তারাপুর থেকে ট্রাক বাজেয়াপ্ত করেছে ।

পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে এক যুবককে আটক করেছে এবং আরো দু জন যুবক বর্তমানে পালিয়ে বেড়াচ্ছে ।

......................................................................................................................

ডিমা হাসাও স্বায়ত্ত শাসিত পরিষদের উদ্যোগে এবং ডিমা হাসাও পর্যটন ও সংস্কৃতি বিভাগের সহযোগীতায় জেলায় পর্য্যটনের আগমন ও গ্রীষ্মকালীন বন্ধের প্রতি লক্ষ্য রেখে জুলাই মাসের প্রতি শুক্র ও শনিবার জেলার বিভিন্ন পর্য্যটন স্থলে ডিমা হাসাও এথনিক ফেষ্ট-২০২৬ এর আয়োজন করা হচ্ছে । ডিমা হাসাও পর্যটন বিভাগের অধ্যক্ষ জছরিংদাও ফাংলো জানান যে গ্রীষ্মকালীন বন্ধের সময় জেলায় পর্য্যটনের সংখ্যা উল্লেখ্যযোগ্যভাবে বৃদ্ধি পাওয়ায় পর্য্যটনকে আরো আর্কষনীয় করে তোলার উদ্দেশ্যে এই উৎসবের আয়োজন করা হয়েছে । এই উৎসব হাফলং লেক , আই লাভ ডিমা হাসাও ভিউ পয়েন্ট , উমরাংশু গলফ কোর্স এবং জাটিঙ্গার মতো জনপ্রিয় পর্য্যটন স্থলে আয়োজিত হচ্ছে ।

......................................................................................................................

রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের নির্দেশে শ্রীভূমি জেলায় আফ্রিকান সোয়াইন ফিভার প্রতিরোধ, নিয়ন্ত্রণ এবং তা প্রতিহত করতে একটি উচ্চ পর্যায়ের নজরদারী কমিটি গঠন করা হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্তকে সভাপতি , জেলার পশু পালন ও পশু চিকিৎসা আধিকারিককে সদস্য সচিব এবং আরো ১০ জন সদস্যকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে । এই কমিটি জেলায় আফ্রিকান সোয়াইন ফিভারের সংক্রমণ প্রতিরোধ করতে কঠোর প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং সামগ্রিক পরিস্থিতি সার্বক্ষনিকভাবে পর্যবেক্ষণ করবে ।

শ্রীভূমি জেলায়ও আগামী ১৮ই জুলাই জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । শ্রীভুমির মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালত প্রাঙ্গণে এদিন সকাল ১০টা থেকে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে বিচারাধীন চেক বাউন্স সংক্রান্ত মামলার উভয় পক্ষকে দ্রুত মামলার সুযোগ গ্রহণ করতে শ্রীভূমি জেলা আইন সেবা কর্তৃপক্ষের তরফ থেকে অনুরোধ করা হয়েছে ।

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলার সব সরকারী কর্মীদের নির্ধারিত সময়ে কার্যলয়ে উপস্থিত হতে এবং নির্ধারিত সময়ে কার্য্যলয় ত্যাগ করতে নির্দেশ দিয়েছেন । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে কিছু কর্মচারী নির্ধারিত সময়ে কার্যলয়ে আসছেন না এবং নিয়মিত উপস্থিতি নথিভুক্ত করছেন না । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে প্রত্যেক কর্মীকে কার্য্যলয়ে পৌছানোর সঙ্গে সঙ্গে এবং কার্যলয় ত্যাগের সময় উপস্থিতি নথিভুক্ত করতে হবে । পাশাপাশি কর্মীদের সময়ানুবর্তিতা ও উপস্থিতি যাচাই করতে জেলা আয়ুক্ত যেকোন সময় কার্যলয় পরিদর্শন করবেন বলে জানিয়েছেন ।